অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/24/2025 **গভর্নর ক্যাথি হোকল**

আর্থ উইক উদযাপন: গভর্নর হোকল ঘোষণা করলেন গত পাঁচ বছরে প্রাকৃতিক রিসোর্স সংরক্ষণ করার জন্য প্রায় 125 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে

Agricultural Environmental Management প্রোগ্রামগুলি জলবায়ু পরিবর্তন মোকাবেলা, মাটি, পানির মাণ রক্ষা করে এমন ফার্মের প্রজেক্টে উল্লেখযোগ্য তহবিল দিচ্ছে

প্রজেক্টগুলি 661,633 মেট্রিক টন কার্বন ডাইঅক্সাইড কমিয়েছে, যা রাস্তা থেকে এক বছরে 154,000-এর বেশি গাড়ি সরিয়ে নেওয়ার সমান

Climate Resilient Farming Grant প্রোগ্রাম তাদের 10 বছর পূর্তি উদযাপন করেছে

আর্থ উইক (Earth Week) উদযাপন করার জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 2020 সাল থেকে নিউ ইয়র্ক (New York, NY) এমন ফার্মের প্রজেক্টের জন্য প্রায় 125 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছে যেগুলি প্রাকৃতিক রিসোর্স সংরক্ষণ করে, জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করে, এবং মাটি ও পানির মাণ রক্ষা করে। ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটসের (Department of Agriculture and Markets) Climate Resilient Farming (CRF) গ্র্যান্ট প্রোগ্রাম, Agricultural NonPoint Source Abatement and Control (Ag NonPoint) প্রোগ্রাম, এবং Agricultural Environmental Management (AEM) প্রোগ্রামগুলির মাধ্যমে নিউ ইয়র্কের প্রতিটি কোণায় 6,500-এর বেশি ফার্মকে প্রজেক্ট দেওয়া হয়েছে। এই প্রজেক্টগুলি যে সেরা প্র্যাকটিস সমর্থন করে তার বাস্তবায়নের মাধ্যমে একসাথে তারা 661,633 মেট্রিক টন কার্বন ডাইঅক্সাইড এমিশন কর্ম করেছে, যা রাস্তা থেকে এক বছরে 154,000-এর বেশি গাড়ি সরিয়ে নেওয়ার সমান।

"নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তন মোকাবেলায় অনেকদিন ধরেই পথিকৃৎ হয়ে আছে, এবং পরিবেশের সুরক্ষায় আমরা এখনো দেশের শীর্ষে আছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের স্টেটের ফার্মগুলি সুরক্ষিত রাখা এবং আমাদের ফার্মারদের কাছে যাতে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমন করার জন্য প্রয়োজনীয় রিসোর্স থাকে থা নিশ্চিত করা শুধু আমাদের পরিবেশের সুরক্ষার জন্য অতি গুরুত্বপূর্ণ নয়, বরং এছাড়াও আগামী জেনারেশনগুলির জন্য স্টেটের কৃষি ইন্ডাস্ট্রিকে অর্থনৈতিকভাবে টিকিয়ে রাখার জন্যও অতি গুরুত্বপূর্ণ। আরো পরিচ্ছন্ন, আরো সবুজ, এবং আরো দৃঢ় নিউ ইয়র্ক বানাতে আমরা যে অগ্রগতি করেছি তার একটি দুর্দান্ত প্রমাণ এই মাইলফলকটি।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "আমাদের প্রাকৃতিক রিসোর্স রক্ষা করতে এবং জলবায়ু পরিবর্তনের মোকাবেলা করতে একটি স্টেট হিসেবে আমরা যে কাজ করছি তার জন্য নিউ ইয়র্ক স্টেট এখনো দেশের শীর্ষে আছে। এইসব আলোচনায় এবং গ্রিনহাউজ গ্যাস এমিশন কম করতে, কার্বন আটকাতে ও সিকুয়েস্টার করতে, এবং আমাদের মাটি ও পানির মাণ রক্ষা করতে সাহায্য করা ফার্মগুলিতে অতি গুরুত্বপূর্ণ সেরা ম্যানেজমেন্ট প্র্যাকটিস বাস্তবায়ন করে অংশ নিতে পেরে এগ্রিকালচার ডিপার্টমেন্ট গর্বিত। আমরা একসাথে কাজ করলে কী অর্জন করা সম্ভব তা দারুণ একটি ব্যাপার, এবং আমাদের গভর্নরের নেতৃত্বে এবং আমাদের সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন ডিস্ট্রিক্টের (Soil & Water Conservation District, SWCD) সাথে পার্টনারশিপে আমাদের ফার্মাররা জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের লড়াইয়ে বাস্তব অগ্রগতি করছেন।"

নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের (Department of Environmental Conservation) ভারপ্রাপ্ত কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "নিউ ইয়র্কের ফার্মারদের সমর্থন করা হলে তা পানি ও বাতাসের মাণ উন্নত করে যা সকলের জন্য লাভজনক হবে। আমরা সেই ফার্মারদের প্রশংসা করছি যারা এইসব গুরুত্বপূর্ণ প্রজেক্ট বাস্তবায়ন করেছেন এবং এইসব পরিবেশের জন্য সাস্টেনেবল প্রোগ্রামের তহবিল দেওয়ার জন্য আমরা ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটসকে ধন্যবাদ জানাচ্ছি। মাইলফলক এই বিনিয়োগটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সবুজ একটি ভবিষ্যৎ আনার জন্য কৃষি ইন্ডাস্ট্রির প্রতি এবং আমাদের পরিবেশের প্রতি গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক প্রতিশ্রুতির প্রতীক।"

গত পাঁচ বছর ধরে, স্টেটের প্রোগ্রামগুলির মাধ্যমে ফার্মে সেরা ম্যানেজমেন্ট প্র্যাকটিস, যেমন সার রাখার মাধ্যমে পুষ্টির ব্যবস্থাপনা, ঝর্ণার পাশে বনজ বাফার, সংরক্ষণের জন্য কভার ক্রপ, পানি ব্যবস্থাপনা, ইত্যাদিতে এই বিনিয়োগের কারণে পুরো স্টেটে নিচের অর্জনগুলি সম্ভব হয়েছে:

- বন্যপ্রাণীর থাকার জায়গা, প্লাবনভূমি, এবং নিচের দিকে প্রবাহিত হওয়া পানির মাণকে সরাসরি লাভবান করে এমন ইকোসিস্টেম সেবা রাখা করতে 445 একর জলাভূমি পুনঃস্থাপন।
- 169টি বর্জ্য রাখার ফ্যাসিলিটি সার ব্যবস্থাপনাকে সমর্থন করবে এবং ফার্মের মাঠে সাস্টেনেবল পুষ্টি প্রয়োগের পরিকল্পনা বাস্তবায়ন করবে।
- 380 একর লতাপাতায় পূর্ণ এবং বনজ বাফার যা ওয়াটারওয়েকে ক্ষয় থেকে রক্ষা করতে, পানির মাণের দূষক ফিল্টার করতে এবং ভূপৃষ্ঠের জলাশয়ের তাপমাত্রা কম করতে স্থাপন করা হয়েছে।
- 10,000 একর অবশেষ ও টিলেজ ম্যানেজমেন্ট যা মালচ টিল, নো টিল, স্ট্রিপ টিল বা সরাসরি সিডিংয়ের মাধ্যমে করা হবে যাতে ভূমিক্ষয় নিয়ন্ত্রণ করা যায়, প্রবাহিত হওয়া কম করা যায় এবং মাটির স্বাস্থ্য উন্নত করা যায়।
- 87,930 কভার ক্রপ লাগানো হবে যাতে মাটির স্বাস্থ্য উন্নত করা যায়, ক্ষয় কমানো যায়, এবং কার্বন সিকুয়েস্টার করা যায়।

- বন্যায় বারবার ক্ষতিগ্রস্ত হওয়া এলাকা স্থিতিশীল ও আবার বনায়ন করা এবং পানির রিসোর্সে গবাদি পশুর অ্যাক্সেস কম করতে 9,734 ফুট ঝর্ণার তীর এবং উপকূলরেখার সুরক্ষা এবং 40টি ঝর্ণার পারাপার।
- 29,080 ফুট সেচ পাইপলাইন যা সেচের পানি ব্যবস্থাপনা সিস্টেমকে সমর্থন করবে যা পানির দক্ষ ব্যবহার নিশ্চিত করতে ও প্রবাহ নিয়ন্ত্রণ করতে সেচের পানির হার, পরিমাণ, অবস্থান এবং সময়কে নিয়ন্ত্রণ করে থাকে।

অংশগ্রহণকারী ফার্মার এবং জমির মালিকদের সাথে নিয়ে স্টেটের কাউন্টি SWCD এই প্রজেক্টগুলির কাজ শেষ করে। বিজ্ঞানভিত্তিক এবং দামে সাশ্রয়ী সিদ্ধান্ত নেওয়ার জন্য পরিকল্পনা ও বাস্তবায়নে এবং স্টেটের কৃষি পরিবেশ প্রোগ্রামের মাধ্যমে তহবিলের জন্য আবেদন করতে ফার্মারদের সাহায্য করতে কাউন্টি SWCD AEM ফ্রেমওয়ার্ক ব্যবহার করবে। এর ফলে, ফার্মাররা স্টেটের প্রাকৃতিক রিসোর্স রক্ষা করার পাশাপাশি ব্যবসার লক্ষ্য পূরণ করতে পারে।

New York Association of Conservation Districts-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Blanche Hurlbutt (ব্লাঞ্চ হার্লবাট) বলেন, "আর্থ ডে আমাদের সবাইকে আমাদের পৃথিবীর খেয়াল রাখার গুরুত্বপূর্ণ কথাটি মনে করিয়ে দেয়। পুরো নিউ ইয়র্কে SWCD গাছ বিক্রির আয়োজন করে এবং বছরের এই সময়ে একটি গাছ লাগানোর জন্য সবাইকে উৎসাহিত করবে। এছাড়া নিউ ইয়র্কের মাটি ও পানিকে ধরে রাখা ও সুরক্ষিত রক্ষার উপায় সম্পর্কে জানার মাধ্যমে তাদের রক্ষা করাও গুরুত্বপূর্ণ। এটি শিক্ষার আরেকটি উপায় যার ব্যবস্থা SWCD করে থাকে।"

New York Association of Conservation Districts-এর প্রেসিডেন্ট Sam Casella (স্যাম ক্যাসেলা) বলেন, "আমরা আর্থ উইক উদযাপন করছি, তাই নিউ ইয়র্ক স্টেটের সয়েল অ্যান্ড ওয়াটার ডিস্ট্রিক্টগুলিকে আর্থিক এবং লেজিস্লেটিভ উভয় ক্ষেত্রে বহু উপায়ে সমর্থন করতে গভর্নরের অবিচল ও ধারাবাহিক সমর্থনের জন্য তাকে ধন্যবাদ জানানোর জন্য এটি একটি দারুণ সুযোগ। আমাদের স্টেট ডিস্ট্রিক্ট ও আমাদের নিবেদিত ডিস্ট্রিক্টের কর্মীরা যাতে নিউ ইয়র্ক স্টেটের অমূল্য প্রাকৃতিক রিসোর্সকে বর্তমান ও ভবিষ্যতের জেনারেশনের জন্য রক্ষা ও সংরক্ষণ করার জন্য তাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ চালিয়ে যেতে পারে তার জন্য উভয়ই গুরুত্বপূর্ণ। New York Association of Conservation Districts-এর পক্ষে দেশ ভ্রমণের সময় আমি নিজের চোখে দেখেছি যে গভর্নর, NYS ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার অ্যান্ড মার্কেটস এবং অন্যান্য মুখ্য এজেন্সির নেতৃত্বে যে সামগ্রিক চেষ্টা করা হচ্ছে তা সংরক্ষণের কাজের ব্যাপারে নিউ ইয়র্ক স্টেটকে সত্যিই শীর্ষ অবস্থানে রেখেছে। এখন এই প্রতিশ্রুতি, নিবেদন ও ভিশন পেয়ে নিউ ইয়র্কের বাসিন্দারা অন্য যেকোনো সময়ের থেকে বেশি ভাগ্যবান। আর্থ উইক উদযাপন করার সময় আমাদের উচিৎ তাদেরকে ধন্যবাদ জানানো।"

Conservation District Employees Association-এর প্রেসিডেন্ট Caitlin Stewart (ক্যাটলিন স্টুয়ার্ট) বলেন, "নিউ ইয়র্ক স্টেটের SWCD হলো প্রাকৃতিক রিসোর্স ম্যানেজমেন্টের প্রকৃত হাতিয়ার। ফার্মল্যান্ড, বন, এবং জলাশয়কে রক্ষা করার প্রজেক্ট থেকে শুরু করে অবস্থানভিত্তিক শিক্ষা পর্যন্ত, এবং জলবায়ুকে দৃঢ় করা থেকে শুরু করে আক্রমণাত্মক প্রজাতি ঠেকানো পর্যন্ত, SWCD প্রোগ্রাম এবং সেবাগুলি স্টুডেন্ট,

উৎপাদনকারী, জমির মালিক, এবং মিউনিসিপ্যালিটির জন্য লাভজনক। আমাদের অভিজ্ঞ কর্মচারীরা সত্যিই প্রতিদিনকে আর্থ ডে করে তোলে!"

স্টেটের সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চি) বলেন, "নিউ ইয়র্কের ফার্মাররা সারা দেশের জন্য একটি উদাহরণ, তারা দেখাচ্ছেন যে আমাদের খাদ্য উৎপাদন করার জন্য, আমাদের ভূমি ও পানিকে স্বাস্থ্যকর রাখার জন্য, এবং কৃষির মাধ্যমে জলবায়ু সঙ্কটের বিরুদ্ধে লড়াইয়ে পরিমাপযোগ্য অগ্রগতি করার জন্য পরিবেশের ভালো রক্ষণাবেক্ষণ কতটা প্রয়োজনীয়। ফার্মারদের সমর্থনের ক্ষেত্রে ফেডারেল সরকার পিছিয়ে গেলেও আমরা নিউ ইয়র্কের ছোট পারিবারিক ফার্মারদের কার্যক্রম আরো দৃঢ় করতে এবং ভবিষ্যৎ জেনারেশনের জন্য আমাদের খাদ্য সরবরাহ রক্ষা করতে তাদের প্রয়োজনীয় সমর্থনে বিনিয়োগ করার মাধ্যমে তাদের জন্য লড়াই চালিয়ে যাবো।"

স্টেটের সিনেটর Peter Harckham (পিটার হারখ্যাম) বলেন, "নিউ ইয়র্কের কৃষি খাত এবং পারিবারিক ফার্মগুলি বছরের পর বছর অগণিত জলবায়ু সঙ্কট সম্পর্কিত সমস্যা সহ্য করেছে, কিন্তু স্টেটের অর্থনীতির এই অতি গুরুত্বপূর্ণ অংশের টিকে থাকা এবং ধারণক্ষমতা রক্ষা করতে আমাদেরকে অবশ্যই যত বেশি সম্ভব সমর্থন দিয়ে যেতে হবে। জলবায়ুর ক্ষেত্রে দৃঢ় ফার্মিংয়ের জন্য অনুদান প্রোগ্রামের সাফল্য পুরো স্টেটের ফার্ম কমিউনিটিকে এবং আমাদের পরিবেশকে উল্লেখযোগ্যভাবে লাভবান করেছে এবং একই সাথে গ্রিনহাউজ গ্যাস এমিশন কমিয়ে দিয়েছে, এটি আসলেই সবদিক থেকে বিজয়। সব ক্ষেত্রে ফেডারেল সমর্থন কম আসার এই সময়টিতে এই অনুদান প্রোগ্রামের ব্যাপারে গভর্নর এবং স্টেটের আইনসভার প্রতিশ্রুতিবদ্ধ থাকা অর্থপূর্ণ।"

অ্যাসেম্বলির সদস্য Donna Lupardo (ডোনা লুপার্ডো) বলেন, "আমাদের বহু কৃষি উদ্যোগের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের সমাধান করতে নিউ ইয়র্কের চেষ্টাগুলিকে তুলে ধরার জন্য আর্থ উইক একটি নিখুঁত সময়। নিউ ইয়র্কের 6,500টি ফার্ম ইতিমধ্যেই মাটির স্বাস্থ্য প্র্যাকটিস, জলবায়ুর ক্ষেত্রে দৃঢ়তা, পুষ্টি ম্যানেজমেন্ট, এবং অন্যান্য অতি প্রয়োজনীয় সংরক্ষণ ব্যবস্থার জন্য সমর্থন পেয়েছে। দেশের রাজধানীটিতে জলবায়ুর ব্যাপারে মনোভাব বদলে যাওয়ার ফলে এখন এই কাজ অন্য যেকোনো সময়ের থেকে বেশি গুরুত্বপূর্ণ। এইসব অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগের ক্ষেত্রে গভর্নর, ডিপার্টমেন্ট, এবং পুরো স্টেটে আমার কলিগদের চলমান প্রতিশ্রুতির কারণে আমি তাদের ধন্যবাদ জানাতে চাই।"

পুরো বছরজুড়ে এছাড়াও SWCD জনশিক্ষা এবং আউটরিচ ইভেন্ট আয়োজন ও এতে অংশগ্রহণ করবে যা পরিবেশকে উদযাপন করবে, গুরুত্বপূর্ণ প্রাকৃতিক রিসোর্স সমস্যার ব্যাপারে সচেতনতা তৈরি করবে এবং সংরক্ষণ প্র্যাকটিস বাস্তবায়ন করতে ব্যবহার করা কৌশল ও টেকনোলজি তুলে ধরবে। একটি কাউন্টি ডিস্ট্রিক্ট খুঁজে পাওয়ার জন্য এবং তাদের অনন্য প্রোগ্রাম সম্পর্কে আরো জানার জন্য ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচারের ওয়েবসাইটে সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন ডিস্ট্রিক্ট অফিসের পেজ ভিজিট করুন।

ডিপার্টমেন্ট এবং নিউ ইয়র্ক স্টেট সয়েল অ্যান্ড ওয়াটার কনজারভেশন কমিটি (New York State Soil and Water Conservation Committee) পরিচালিত Agricultural Nonpoint Source Abatement and Control প্রোগ্রামটি হলো একটি খরচ ভাগ করে নেওয়ার অনুদান প্রোগ্রাম যা ফার্মিংয়ের জন্য পানির মাণে যে সম্ভাব্য সমস্যা হতে পারে তার সমাধান ও প্রতিরোধ করতে

তহবিল দেয়া। আর্থিক এবং টেকনিক্যাল সাহায্য ফার্মের প্রজেক্টের পরিকল্পনা ও বাস্তবায়নকে সমর্থন করে যার লক্ষ্য হলো নিউ ইয়র্কের ওয়াটারওয়ের পানির মাণ উন্নত করা। প্রোগ্রামটির উদ্দেশ্য নিউ ইয়র্কের ডাইভার্স কৃষি ব্যবসাগুলিকে তাদের সেরা ম্যানেজমেন্ট প্র্যাকটিস সিস্টেম বাস্তবায়ন করার চেষ্টায় সমর্থন করা যা পানির মাণ এবং পরিবেশের রক্ষণাবেক্ষণকে উন্নত করবে।

CRF প্রোগ্রামের লক্ষ্য হলো জলবায়ু পরিবর্তনে কৃষির প্রভাব কমিয়ে দেওয়া (প্রশমন) এবং পরিবর্তনশীল জলবায়ুর সামনে নিউ ইয়র্ক স্টেটের ফার্মগুলির দৃঢ়তা বাড়িয়ে দেওয়া (মানিয়ে নেওয়া)। প্রোগ্রামের অনুদান তহবিল এমন প্রজেক্টের জন্য পাওয়া যাবে যা কৃষিতে গ্রিনহাউজ গ্যাস এমিশন কম করবে এবং মাটি ও উদ্ভিদে কার্বন সিকুয়েস্ট্রেশন বাড়াবে, এর পাশাপাশি ভারী ঝড়ের ঘটনা, বৃষ্টিপাত, এবং খরার কারণে যে জলবায়ু পরিস্থিতি হবে বলে অনুমান করা হচ্ছে তার জন্য ফার্মের মানিয়ে নেওয়া ও সহ্য করার ক্ষমতা বাড়াবে।

এক খাতে স্টেটের তহবিলের সুযোগ সম্পর্কে আরো জানতে, ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচারের ওয়েবসাইটে সয়েল অ্যান্ড ওয়াটার কনজার্ভেশন কমিটির পেজ ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন